



THE FEDERATION OF BANGLADESH
CHAMBERS OF COMMERCE & INDUSTRY

জানুয়ারি ২১, ২০২৪
এফবিসিসিআই/জিএডি/২০২৪/২৪০০

সভাপতি/চেয়ারম্যান
চিফ অফ মেম্বার বডিস, এফবিসিসিআই।

বিষয়ঃ ‘এফবিসিসিআই প্রিমিয়ার লিগ ২০২৪’ ক্রিকেট প্রতিযোগিতায় অংশগ্রহণের অনুরোধ প্রসঙ্গে।

মহোদয়,
আসসালামু আলাইকুম।
এফবিসিসিআই এর পক্ষ থেকে ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানাচ্ছি।

অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, এফবিসিসিআই’র অধিভুক্ত সকল চেম্বার ও অ্যাসোসিয়েশনের সদস্যদের নিয়ে তাদের মধ্যে পরিচিতি, পারস্পারিক যোগাযোগ, এবং আন্তরিকতা বৃদ্ধির লক্ষ্যে এফবিসিসিআই’র উদ্যোগে ‘এফবিসিসিআই প্রিমিয়ার লিগ ২০২৪’ শীর্ষক একটি ক্রিকেট প্রতিযোগিতার অনুষ্ঠিত হতে যাচ্ছে। সিক্স-এ-সাইড ফরম্যাটে অনুষ্ঠেয় এই খেলায় চেম্বার ও অ্যাসোসিয়েশন এর নামে (প্রতি দলসমূহ) অংশগ্রহণ করতে পারবে। এজন্য প্রতিটি চেম্বার ও অ্যাসোসিয়েশন মোট ৯ জন (মূল দলের ৬ জন + অতিরিক্ত ৩ জন) খেলোয়াড়ের সমন্বয়ে টিম (দল) গঠন করতে পারবে।

এজন্য আগামী ফেব্রুয়ারি, ২০২৪ সালে অনুষ্ঠেয় ‘এফবিসিসিআই প্রিমিয়ার লিগ ২০২৪’ ক্রিকেট প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে আগ্রহী চেম্বার ও অ্যাসোসিয়েশনসমূহকে আগামী ২৮ জানুয়ারি, ২০২৪ রোববারের মধ্যে তাদের আগ্রহের কথা লিখিত আকারে ই-মেইল (secretariat@fbcci.org) ও ডাকযোগে এফবিসিসিআই কার্যালয়, ৬০ মতিঝিল, ঢাকা বরাবর পাঠানোর অনুরোধ জানানো যাচ্ছে।

এফবিসিসিআই আশা করে, এর সদস্যভুক্ত সকল চেম্বার ও অ্যাসোসিয়েশনের অংশগ্রহণে একটি সফল ও বর্ণাঢ্য ক্রিকেট প্রতিযোগিতা আয়োজনে আপনার সার্বিক সহযোগিতা ও সমর্থন অব্যাহত থাকবে।

ধন্যবাদান্তে

মোঃ আলমগীর
মহসচিব, এফবিসিসিআই।

অনুলিপি: একান্ত সচিব, সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতিগণ, এফবিসিসিআই।